

Ex/ARTS/BNG/UG/MDC/3.1/2025

কলা স্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ. জি. - MDC ৩.১

বিষয় : দর্শন ও বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি প্রশ্ন সমমানের :

১০ × ৩ = ৩০

১ক. সত্য অনুসন্ধানের প্রশ্নে ধর্ম, বিজ্ঞান আর দর্শনের দৃষ্টি কোথায় আলাদা সংক্ষেপে আলোচনা করো।

(অথবা)

১খ. সাহিত্য ও দর্শনের কোনো প্রত্যক্ষ যোগাযোগ নেই, তবুও বারবার তাদের সম্পর্ক বিষয়ে আলোচনা হয়। সাহিত্য কি দর্শনের মুখাপেক্ষী? নাকি এ দুয়ের কোনো সম্পর্ক নেই? সংক্ষেপে এ বিষয়ে তোমার অভিমত জানাও।

(অথবা)

১গ. ‘দর্শন পড়ার ভূমিকা’ নামের ছোট বইটিতে রামকৃষ্ণ ভট্টাচার্য কেবল দর্শনবিদ্যার গোড়ার কথাটুকু বুঝিয়েই ছেড়ে দেন না, নিজের সামাজিক-দার্শনিক অবস্থানটিকেও স্পষ্ট করেন। কথাটা বুঝিয়ে লেখো।

BNG-1171

[Turn Over]

(২)

২ক. সত্যজিতের ‘বারীন ভৌমিকের ব্যারাম’ শুধুমাত্র দুই ‘ক্লেপ্টোম্যানিয়াক’ ব্যক্তির গল্প নয়, একটি নৈতিক প্রশ্ন এই গল্পের অস্তিত্বে পাঠকের প্রাপ্তি। তুমি কি এই মত মেনে নেবে? গল্পটির কাহিনিসূত্র মাথায় রেখে নিজের অভিমত জানাও।

(অথবা)

২খ. সুবোধ ঘোষের ‘অলীক’ গল্পের কেন্দ্রীয় চরিত্রটিকে একবাক্যে দোষী কিংবা নির্দোষ বলতে না পারাই ওই গল্পের দিকে পাঠককে টানে। গল্পের কেন্দ্রীয় মানুষটিকে তুমি কোন্ চোখে দেখতে চাও যুক্তিসহ লেখো।

৩ক. “দিনে দিনে তার দেবতার মুখ মন্দির মুখের মতো হয়ে উঠছে”, রবীন্দ্রনাথের ‘পট’ গল্পের এই বাক্যটির প্রসঙ্গ ও তাৎপর্য বুঝিয়ে লেখো।

(অথবা)

৩খ. লীলা মজুমদারের ‘চিড়িয়াখানা’ গল্পে কীভাবে সমস্ত প্রকৃতির প্রতি গভীর সহমর্মিতা মুছে দেয় ব্যক্তিগত প্রতিশোধের বাসনাকে, তা নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

★ ★ ★

BNG-1171

XX24(113)—90